

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬

স্মারক নং প্রাশিঅ/চটি/৪বিদ্যা-ঢাকা/০১/খণ্ড-১(৮)/২০৬০/(৫১০)(৬১৩)

তারিখ: ৮ বৈশাখ ১৪১৫
২১ এপ্রিল ২০০৮

বিষয়: শিশু শিক্ষার্থীদের প্রতি যথাযথ আচরণ নিশ্চিতকরণ।

দেশের জনসংখ্যার একটি বৃহৎ অংশ ৫-১০ বৎসর বয়সসীমার অন্তর্গত। মূলত এ বয়সের শিশুরাই বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রাথমিক শিক্ষায়তনের ছাত্রছাত্রী হিসাবে শিক্ষা গ্রহণ করে থাকে।

২। শিক্ষা মনোবিজ্ঞান অনুসারে প্রাক-জন্মাবস্থা থেকেই শিশুর বিকাশের ধারা শুরু হলেও সাধারণভাবে শৈশবকালকে মানুষের শারীরিক, মানসিক, সামাজিক ও আবেগিক বিকাশের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ অধ্যায় হিসাবে বিবেচনা করা হয়। প্রকৃতপক্ষে এসময়েই ব্যক্তিজীবনের সার্বিক বিকাশের ভিত্তি রচিত হয়। সুতরাং শিশুর সুষ্ঠু বিকাশে সহায়তা প্রদানের জন্য পারিবারিক ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে বিশেষ সচেতন প্রয়াস প্রয়োজন।

৩। অনেক ক্ষেত্রে পারিবারিক পর্যায়ে বা শিক্ষা প্রতিষ্ঠানে শিশুদের যথাক্রমে অভিভাবক ও শিক্ষক কর্তৃক শারীরিক ও মানসিকভাবে বিভিন্ন মাত্রায় লাঞ্চিত করার প্রবণতা পরিলক্ষিত হয়ে থাকে। এতে শিশুর সুস্থ ও স্বাভাবিক বিকাশ বাধাগ্রস্ত হয় এবং এর ফলে শিশুদের উপর বিভিন্ন মনোদৈহিক বিরূপ ও নেতিবাচক প্রভাব পড়ে। উল্লেখ্য, দেশের প্রচলিত নারী ও শিশু নির্যাতন দমন আইন অনুযায়ী শিশুদের শারীরিক ও মানসিক নির্যাতন একটি শাস্তিযোগ্য অপরাধ।

৪। বর্ণিত অবস্থায়, দেশে বিদ্যমান সকল প্রাথমিক বিদ্যালয়ে অধ্যয়নরত শিশু শিক্ষার্থীদের প্রতি শারীরিক ও মানসিক নির্যাতন, কঠোরতা ও তিরস্কারসহ সকল প্রকার অবাঞ্ছিত আচরণ থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে এবং বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সহায়তায় এ বিষয়ে পারিবারিক পর্যায়ে সচেতনতা সৃষ্টির উদ্যোগ গ্রহণ করতে অনুরোধ জানানো হলো।

৫। বিষয়টি অতীব জরুরী।



খোন্দকার মোঃ আসাদুজ্জামান
মহাপরিচালক

উপজেলা/থানা শিক্ষা অফিসার

..... (সকল)

অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট বিভাগ।

৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, (সকল)।

৪। সুপারিনটেনডেন্ট, পিটিআই, (সকল)।

৫। ইন্সট্রাক্টর, উপজেলা/থানা রিসোর্স সেন্টার, (সকল)।

৬। সংরক্ষণ নথি।